গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত বাজেট উপ-কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মসিউর রহমান অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
সভার তারিখ	ঃ	০৫-০৩-২০১৯ খ্রিঃ
সভার সময়	ঃ	সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান		মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	ঃ	পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশ করা হয়েছে

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করেন। যুগ্ম সচিব (বাজেট) ড. মোঃ এনামুল হক জনান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক তৃণমূল পর্যায়ের জনগণের নিরাপদ ও মানসম্মত স্বাস্থ্য সেবা পৌছে দেয়ার লক্ষ্যে নানামুখী কার্যক্রম গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে। এ সকল কার্যক্রমের সার্বিক সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা, চিকিৎসক ও সকল পর্যায়ে কর্মকর্তা কর্মচারীদেরকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সপ্তাহব্যাপী জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদযাপনের পরিকল্পনা করা হয়েছে। তিনি বলেন আগামী ১০-১৬ মার্চ, ২০১৯ অথবা সুবিধাজনক সময়ে স্বাস্থ্য সেবা সপ্তাহের শুভ উদ্বোধনের জন্য মাননীয় প্রধান মন্ত্রী সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

২। সভাপতি বলেন যে সকল প্রতিষ্ঠান/দপ্তর/সিভিল সার্জনদের জাতীয় স্বাস্থ্য সেবা উদযাপন উপলক্ষ্যে অর্থ দেয়া হবে তা সঠিকভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। অনুষ্ঠান যাতে সুন্দরভাবে পালন হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে। তিনি হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্নতার উপর জোর দিতে বলেন।

৩। ডাঃ খাজা আব্দুল গফুর, পরিচালক অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর বলেন, সপ্তাহব্যাপী জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদযাপনের জন্য অর্থের জন্য একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। ইতোমধ্যে বাজেট অধিশাখা হতে অর্থ পুনঃ উপযোজনের জন্য উক্ত প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, স্বাস্থ্য সেবা সপ্তাহ সুন্দর ভাবে পালনের জন্য দেশের প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতাল ও স্নাতকোত্তর বিশেষায়িত হাসপাতালে ৩.০০ লক্ষ , মেডিকেল কলেজ হাসপাতালে ৩.০০ লক্ষ, জেনারেল হাসপাতালে ২.৫০ লক্ষ, জেলা হাসপাতালে ২.০০ লক্ষ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১.০০ লক্ষ টাকা করে এবং আইডি হাসপাতাল, যক্ষ্মা ও কুষ্ঠ হাসপাতালে ৩০,০০০/- টাকা করে বরাদ্দ দেয়ার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাছাড়া তিনি সকল সিভিল সার্জনদের অর্থ দেয়ার জন্য সভায় প্রস্তাব উথ্থাপন করলে তা অনুমোদিত হয় । স্বাস্থ্য সেবা সপ্তাহ পালনের প্রস্তুতিমূলক সভা ও অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য প্রত্যেক সিভিল সার্জনকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। যুগ্ম সচিব (বাজেট) জানান জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ সঠিকভাবে উদযাপনের লক্ষ্যে গঠিত কোন উপ-কমিটির নিকট হতে অর্থের চাহিদা পাওয়া যায়নি। উল্লেখ্য যে, কেন্দ্রীয়ভাবে স্বাস্থ্য সেবা সপ্তাহ পালনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের অনুকূলে ১.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।

অঃপৃঃদ্রঃ

৫। সভায় বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষ্যে গঠিত উপ-কমিটির নিকট হতে অর্থের চাহিদা প্রাপ্তির পর বাজেট অধিশাখা হতে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে ;

(খ) সিভিল সার্জন অফিসের জন্য ২৫,০০০/- টাকা করে বরাদ্দ প্রদানের নিমিত্ত পুনঃ উপযোজন প্রস্তাব স্বাস্থ্য অধিদপ্তর প্রেরণ করবে;

(গ) স্বাস্থ্য অধিদপ্তর থেকে বিভিন্ন হাসপাতালের অনুকূলে অর্থ বরাদ্দ দেয়ার যে প্রস্তাব করা হয়েছে তা দ্বারা যথাযথভাবে স্বাস্থ্য সেবা সপ্তাহ পালন করা সম্ভব বলে কমিটি মনে করে ।

৬ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মসিউর রহমান)
অতিরিক্ত সচিব ,স্বাস্থ্য সেবা বিভাগ
ও
আহবায়ক
বাজেট উপ-কমিটি

স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.২০.০১৯.২০১৮/ ১৫২ তারিখঃ ০৬-০৩-২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মোহাম্মদ এনামুল হক, যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২। জনাব মোঃ জাহাংগীর হোসেন, যুগ্মসচিব (এফএমএইউ),স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। জনাব মোঃ নাসির উদ্দিন, উপসচিব (প্রবা-১),স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। জনাব শাহ আলম মুকুল, উপসচিব (চিশি-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(ড. মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোন-৯৫৪৫৯২৭

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব, প্রশাসন/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/হাসপাতাল/বাজেট/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/উন্নয়ন/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ/অতিরিক্ত সচিব, প্রশাসন/জনসংখ্যা ও পঃকঃ ও আইন-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D:\\Monzu\note